গোঘাটের বালিতে বন্যা পরিদর্শনে বিধায়ক মানস মজুমদার, ব্লক সভাপতি মনোরঞ্জন পাল প্রমুখ। বলুণ্ডী এলাকায় ত্রাণ দিচ্ছেন বিধায়ক কৃষ্ণচন্দ্র সাঁতরা, পৌরপ্রধান স্বপন নন্দী প্রমুখ।

খানাকুলে ত্রাণ নিচ্ছেন জলবন্দি মানুষেরা।

গোঘাটে বিশ্বব্যাঙ্কের উদ্যোগে চালু হচ্ছে নতুন প্রকল্প

জমির খবর যাবে চাষীর মোবাইলে

সঞ্জীব ঘোষ, গোঘাট ঃ চাষীদেরকে অত্যাধুনিক করে তুলতে এবার উদ্যোগ নিল বিশ্বব্যাঙ্ক। এর জন্য বিশ্বব্যাঙ্ক রাজ্য ওয়াটার রিসোর্স ইনভেস্টিগেশন এণ্ড ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের মাধ্যমে হুগলির গোঘাট ২নং ব্লকের বেঙ্গাই অঞ্চলের খাটুল ও নরসিংহবাটী এবং কুমারগঞ্জ অঞ্চলের ভুরকুণ্ডা মাঠে এই প্রকল্প গ্রহণ করেছে। জানা গেছে, এই মাঠগুলিতে বিশ্বব্যাঙ্ক ৩৯টি মিনি ডিপটিউবওয়েল বসিয়েছে। ইতিমধ্যেই ওই মিনিগুলিতে বিদ্যুৎ সংযোগের মাধ্যমে পরিষেবা দেওয়ার জন্য প্রস্তুত করা হয়েছে। এছাড়াও সেগুলি দেখাশোনার জন্য প্রতিটি এলাকায় একটি করে বেনিফিসিয়ারি কমিটি গঠন করা হয়েছে। জানা গেছে, সেগুলি থেকে জলসেচের মাধ্যমে ওই এলাকার চাষীদের চাষের সুবাবস্থা করা হয়েছে। কিন্তু এবার আরও এক ধাপ আগিয়ে এই তিন এলাকায় তারা কৃষকদের জন্য মোবাইল অ্যাপস চালু করতে চলেছে। এই উপলক্ষ্যে সোমবার এই সব এলাকায় বিশ্বব্যাঙ্কের এক প্রতিনিধি দল এসে পৌঁছায়। সঙ্গে ছিলেন রাজ্য ওয়াটার রিসোর্স ইনভেস্টিগেশন এণ্ড ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট ও সাপোর্ট অর্গানাইজেশনের প্রতিনিধিরা। এদের মধ্যে ছিলেন কৃষি বিশেষজ্ঞ ড. চিন্ময় কুণ্ডু, বিশ্বব্যাঙ্কের প্রতিনিধি মানিক পাল, বিনয় তুলি, সাপোর্ট অর্গানাইটেশনের প্রতিনিধি সাত্যকি সেনগুপ্ত, ডিপিএমও বনশ্রী মুখার্জী, কমিউনিটি ওয়ার্কার প্রদীপ চাটার্জী, বিপ্লব পাঁজা, অমর ঘোষ প্রমুখ। প্রতিনিধিরা জানান, খুব শীঘ্রই বিশ্বব্যাঙ্কের পক্ষ থেকে মাঠে ৯টি সেনসর যন্ত্র বসানো হবে। তাঁরা আরও জানালেন, ওই যন্ত্র বাড়িতে থাকা কৃষকদের মোবাইলে জমির খবরাখবর পৌঁছে দেবে। বিশেষ করে কখন জমিতে সেচ দিতে হবে, কতটা পরিমাণ জল লাগবে এইসব তথ্য কৃষক বাড়িতে বসেই পেয়ে যাবেন। এছাড়াও বাড়িতে বসিয়েই মিনি চালাতে এবং বন্ধ করতে পারবেন। ফলে কৃষকের এক্ষেত্রে অনেক সুবিধা হবে। তাঁরা বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষবাসও করতে পারবেন। ভুরকুণ্ডার বেনিফিসিয়ারি কমিটির সম্পাদক স্বপন মালিক জানালেন, দীর্ঘদিন ধরেই বিশ্বব্যাঙ্ক তাঁদের অঞ্চলের কৃষকদের পাশে দাঁড়িয়েছে। বিশ্বব্যাঙ্কের পক্ষ থেকে ধান কাটার মেশিন এবং ধান রোয়ার মেশিনেরও ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও ধান বীজ, বাদাম বীজ, সরিষা বীজ ইত্যাদিও চাষীদের দেওয়া হচ্ছে। এদিকে এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন ওই এলাকার সমস্ত চাষীই। সেখ ইউসুফ আলি নামে এক চাষী জানালেন, বিশ্বব্যাঙ্কের এই প্রকল্পে আমরা কিছুদিন ধরেই উপকার পেতে শুরু করেছি। এই মোবাইল অ্যাপস্ চালু হলে আশা করছি চাষীরা আরও ভালোভাবে উন্নতমানের চাষবাসের দিকে এগিয়ে যাবেন।

খানাকুলে বন্যায় মৃত আরও ৩

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ হুগলির আরামবাগ মহকুমার বন্যা পরিস্থিতির যতই উন্নতি হচ্ছে ততই লাফিয়ে লাফিয়ে বাড়ছে মৃত্যুর সংখ্যা। সোমবারও তিনজনের মৃত্যুর খবর পাওয়া গেছে। এদের মধ্যে জলে ডুবে ২জন এবং সাপের কামড়ে একজনের মৃত্যু হয়েছে। মৃতরা হলেন নিমাই সামুই (৪২), শুভ চৌধুরী (১২) এবং কার্তিক সাতকি। জানা গেছে, নিমাইয়ের বাড়ি খানাকুলের বলপাই গ্রামে। তিনি হাওড়ায় একটি জুয়েলারি দোকানে কাজ করতেন। শনিবার সকালে তিনি কর্মস্থল থেকে বাড়ির উদ্দেশ্যে রওনা দিয়েছিলেন। প্রথমে তিনি ট্রেনে ও পরে বাসে করে হাওড়ার জয়পুরে পৌঁছান। সেখান থেকে পায়ে হেঁটে জল পেরিয়ে বাড়ির দিকে যাচ্ছিলেন। তখন পলাশপাইয়ের কাছে প্রবল স্রোতে তিনি ভেসে যান। তারপর আর কোনও খোঁজ মেলেনি। সোমবার সকালে খানাকুল থেকেই প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা দল তাঁর দেহ উদ্ধার করে। অন্যদিকে শনিবারই সাপে কামড়ে ছিল খানাকুলের জগৎপুরের শুভকে। তাকে কলকাতার এস এস কে এম হাসপাতালে ভর্তি করা হয়েছিল। রবিবার রাতে সেখানেই তাঁর মৃত্যু হয়। এছাড়াও সোমবার সকালে জলে ডুবে মৃত্যু হয়েছে খানাকুলের শঙ্কর পুরের বাসিন্দা কার্তিক সাতকির। অন্যদিকে জানা গেছে, সোমবার সকালে খানাকুলের পলাশপাই তাঁতিহাটায় মাছ ধরছিল এক কিশোর। তখন হুড়হুড়ের খালের জলের উপর একটি বিদ্যুৎবাহী তার ছিঁড়ে পড়ে। ঘটনাস্থলেই বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হয় ওই কিশোরের। সঙ্গে সঙ্গেই সে জলের স্রোতে ভেসে যায় বলে জানা গেছে। এদিকে খানাকুল, পুরশুড়াসহ আরামবাগ মহকুমার বন্যাদুর্গত এলাকায় জোর কদমে শুরু হয়েছে ত্রাণের কাজ। সরকারি ও বেসরকারি উদ্যোগে ত্রাণ শিবিরগুলিতে ত্রাণ দেওয়া হচ্ছে। বহু জায়গাতেই রান্না করা খাবার সরবরাহ করা হচ্ছে। এছাড়াও চিড়ে, গুড়সহ অন্যান্য খাবারও দেওয়া হচ্ছে। বিভিন্ন স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানগুলিও এবার সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে। যদিও প্রায় প্রতিটি এলাকাতেই ত্রাণ নিয়ে ক্ষোভ রয়েছে। সোমবার গোঘাটের কুমুড়সা অঞ্চলের দুর্গতরা পঞ্চায়েত অফিসে বিক্ষোভ দেখান। এদিকে আরামবাগ মহকুমার বিভিন্ন রুটে সড়কগুলিতে সোমবার বাস চলাচল করেছে।

রিষড়া ও চন্দননগরে বৃক্ষরোপণ

নিজস্ব সংবাদদাতা, রিষড়া ঃ হুগলির রিষড়া পুলিশের উদ্যোগে এক বৃক্ষরোপণ কর্মসূচি পালিত হল। উপস্থিত ছিলেন চন্দননগর এসিপি কামনাশিস সেন, রিষড়া থানার ওসি প্রবীর দত্তসহ বিভিন্ন পুলিশ কর্মী। প্রায় ৫০টির মতো চারা গাছ থানার পাশে লাগানো হয়। অন্যদিকে চন্দননগর রোটারি ক্লাবের উদ্যোগে এক বৃক্ষরোপণ কর্মসূচির আয়োজন করা হয়। এদিন প্রায় ৪০টির মতো আম, মেহেগনি, সুপারি, দেবদারু গাছ লাগানো হয়। উপস্থিত ছিলেন ক্লাব সভাপতি সত্যজিৎ সরকার।

নিরোগ ডায়গনস্টিক
আরামবাগ, কোর্ট রোড, হুগলী
Ph. 03211-256950, Mob. 9732843677
স্পাইরাল 3D মাল্টিস্লাইস
সিটিস্ক্যান

দুর্গতদের পাশে দীপাবলি ক্লাব

নিজস্ব সংবাদদাতা, পুরশুড়া ঃ হুগলির পুরশুড়ার মির্জাপুর এলাকায় দামোদরের বাঁধ ভেঙে বিস্তীর্ণ এলাকা প্লাবিত হয়েছে। গৃহহীন হয়েছেন বহু মানুষ। আর তাঁদের দিকে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন প্রশাসন ও শাসকদল। কিন্তু পাশাপাশি কিছু স্বেচ্ছাসেবী সংগঠনও তাঁদের পাশে দাঁড়িয়েছেন। এমন একটি সংগঠন হল তারকেশ্বরের তালপুর পশ্চিমপাড়া দীপাবলি ক্লাব। এই ক্লাবের উদ্যোগে ওই বন্যাদুর্গত এলাকায় শনিবার থেকে তিনদিন ধরে বন্যাদুর্গতদের জন্য ত্রাণের ব্যবস্থা করা হয়েছে। শনিবার এই ক্লাবের পক্ষ থেকে চিঁড়ে, গুড়, মুড়ি, বাতাসা, বিস্কুট। রবিবার রুটি, বোঁদে, বিস্কুট, দুধ। সোমবার পরোটা, বোঁদে, বিস্কুটসহ বিভিন্ন জিনিস দুর্গতদের হাতে তুলে দেওয়া হয়েছে। এই ক্লাবের সদস্য ঝন্টু পাত্র জানালেন, ক্লাবের সদস্যদের পাশাপাশি এলাকার মানুষরা এব্যাপারে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন।

ইন্টারনেটে গান শেখাচ্ছেন নির্মাল্য

নিজস্ব সংবাদদাতা, কোন্নগর ঃ ডিজিট্যাল তথা প্রযুক্তিকে কাজে লাগিয়ে হুগলির কোন্নগরের নির্মাল্য রায় বাংলা গানকে বিশ্বের দরবারে প্রতিষ্ঠা করার ক্ষেত্রে সাফল্য অর্জন করেছেন। তাঁর গলায় বাংলা গানের সা রে গা মা ও ও অন্যান্য গানের তালিম নিচ্ছে বিদেশি ছোট্ট শিশুরা। বাংলা ভাষাকে বিদেশের মাটিতে স্বীকৃতি দিয়েছে স্বামী বিবেকানন্দ থেকে রবীন্দ্রনাথ। বিগত দিনে গান ও সুরের মূর্চ্ছনায় পন্ডিত রবিশঙ্কর ও আমজাদ আলি খান অন্যান্য নজির গড়েছেন। সেই রবীন্দ্রনাথের বাংলা গান, ছড়ার মাধ্যমে কোন্নগরের বাড়িতে বসে ইন্টারনেটের মাধ্যমে আমেরিকা, নাইজেরিয়া, জার্মানির ছাত্রছাত্রীদের শেখাচ্ছেন সংগীত শিক্ষক নির্মাল্য। বাংলা ক্লাসিক জগৎতে বিশ্বের দরবারে আরও বেশি করে তুলে ধরার লক্ষ্যে তাঁর এই প্রচেষ্টা বলে জানিয়েছেন নির্মাল্য। আগামী দিনে তাঁর হাতে তৈরি হওয়া বিদেশি শিশুদের গলায় বাংলা গান ছড়িয়ে পড়বে।

হুগলির তারকেশ্বরের শ্রাবণী মেলায় সাধারণ ভক্তদের সঙ্গে বাবা তারকনাথের মাথায় জল ঢালতে এসেছেন বিশেষ চাহিদা সম্পন্ন এই যুবক। ছবি- জীবন মণ্ডল

কোন্নগরে ধৃত অস্ত্র ব্যবসায়ীসহ দুই দুষ্কৃতী

নিজস্ব সংবাদদাতা, কোন্নগর ঃ অস্ত্র বিক্রি করতে এসে কোন্নগরে রবিবার পুলিশের হাতে ধরা পড়ল এক অস্ত্র ব্যবসায়ীসহ দুই কুখ্যাত দুষ্কৃতী। পুলিশ ওই অস্ত্র ব্যবসায়ীর কাছ থেকে একটি রিভলবার ও ২৫ হাজার টাকা উদ্ধার করেছে। ধৃত অস্ত্র ব্যবসায়ী সুভাষ সিং-এর বাড়ি কোন্নগর ধর্মভাঙা এলাকায়। পুলিশ সূত্রে জানা যায় ধৃত সুভাষ হুগলির বিভিন্ন কুখ্যাত দুষ্কৃতীদের অস্ত্র সরবরাহ করত অর্থের বিনিময়ে। বিহার থেকে এক অস্ত্র ব্যবসায়ীর কাছ থেকে দুটি রিভলবার নিয়ে এসে বিক্রি করার কথা ছিল দুই দুষ্কৃতী। সেই মতো দিন সাতেক আগে সে বিহার থেকে দুটি রিভলবার নিয়ে আসে। সম্প্রতি জেল থেকে ছাড়া পাওয়া একাধিক খুনের কেসে অভিযুক্ত কুখ্যাত দুষ্কৃতী চিকুয়াকে ২৫ হাজার টাকায় একটি রিভলবার বিক্রি করে। আর একটি রিভলবার রবিবার কোন্নগর ধর্মভাঙ্গায় দীপক সাউ নামে এক দুষ্কৃতীকে বিক্রি করার কথা ছিল। উত্তরপাড়া থানার পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে ধর্মভাঙ্গা এলাকায় অভিযান চালিয়ে সুভাষ সিংহকে গ্রেফতার করে। গ্রেফতার হয় অস্ত্র কিনতে আসা দীপক সাউও। পুলিশ বিক্রি হয়ে যাওয়া আর একটি রিভলবারের সন্ধানে তল্লাশি চালানোর পাশাপাশি চিকুয়ারও খোঁজ শুরু করেছে।

চন্দননগরে নতুন প্রাথমিক চিকিৎসালয়

নিজস্ব সংবাদদাতা, চন্দননগর ঃ হুগলির চন্দননগরে নতুন চিকিৎসালয়ের পরিষেবা শুরু হল। বহুদিন পর চন্দননগরের গোন্দলপাড়া এলাকায় প্রাথমিক চিকিৎসালয়ের পরিষেবা পেয়ে এলাকার বাসিন্দারা খুশি। কয়েক বছর ধরে এলাকার বাসিন্দারা চিকিৎসার সমস্যার জন্য পৌর নিগম থেকে বিধায়কের কাছে চিকিৎসালয়ের দাবি করেন। এছাড়াও এই এলাকার দুটি জুট মিলের শ্রমিকেরা তাঁদের পরিবারের সদস্যদের একইরকম দাবি করেন। এব্যাপারে বহুবার বৈঠক করেন পৌর নিগমের চিকিৎসক বিভাগ।

অবশেষে নতুন বিধায়ক তথা মন্ত্রী ইন্দ্রনীল সেনের ও পৌর নিগমের চিকিৎসা বিভাগের তৎপরতায় ৭৫ লক্ষ টাকা ব্যয় করে তৈরি করা হয় প্রাথমিক চিকিৎসালয়ের জন্য উপযোগী কেন্দ্র।

এই পরিষেবা চালু হওয়ার পর পৌর নিগমের চিকিৎসাবিভাগের সদস্য পার্থ দত্ত জানান, এলাকার বাসিন্দাদের দাবি মতো পৌর নিগমের পক্ষ থেকে এই পরিষেবা চালু করা হল। এখানে বর্তমানে যেমন জুটমিলের শ্রমিকেরা পরিষেবা পাবেন, তার পাশাপাশি পৌর নিগমের কয়েকটি ওয়ার্ডের বাসিন্দারা বিনামূল্যে চিকিৎসা পাবেন। প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত রোগীদের পরিষেবা দেবেন চিকিৎসকরা। এছাড়া পার্থবাবু আরও বলেন, চন্দননগরে আরও দুটি এধরনের চিকিৎসালয়ের পরিষেবা তৈরি করার জন্য চেষ্টা করা হচ্ছে।

হতাশ জীবনে আশার আলো.....
জার্মান হোমিও কেয়ার
Mob.-9674533162/7890779979
SEX, প্রবলেম - যৌন সমস্যা
○সহবাসে অক্ষমতা ○ইন্দ্রিয় শিথিলতা ○শীঘ্র পতন ○ইন্দ্রিয় ছোট, ইন্দ্রিয় সরু ○উত্তেজনার অভাব ○স্বপ্ন দোষ ○ধাতু তারল্য ○ধাতু ক্ষয় ○সিফলিস ○গনোরিয়া ○ফাইমোসিস
সহ যাবতীয় নারী-পুরুষ যৌন ও গুপ্ত রোগের সুচিকিৎসা নিন।
১০০% সুচিকিৎসা নিন
☆গোপনে মদ, গাঁজা, ড্রাগস, সিগারেট ও হেরোইন, তাঁকসহ যাবতীয় নেশা ছাড়ানো হয়।
☆মহিলাদের বক্ষ সৌন্দর্য্য ☆যাবতীয় চুলের সমস্যার সমাধান করা হয়
☆অর্শ, ফিসচুলা, হাঁপানী, ডায়বেটিস ☆ব্রণ, চর্মরোগ, পেটের রোগ
☆রোগ থেকে মোটা-মোটা থেকে রোগা
আগে থেকে ফোনে নাম নথিভুক্ত করে আসুন।
শেওড়াফুলি (গোস্ট অফিসের পিছনে) মঙ্গল, বৃহস্পতি, শনি দুপুর ৩ টে থেকে সন্ধ্যা ৭টা, রবিবার সকাল ৯টা থেকে সকাল ১২টা
তারকেশ্বর কালীবাড়ীর মাঠের পূর্বদিকে শুক্রবার, রবিবার দুপুর ১টা থেকে সন্ধ্যা ৬টা
আরামবাগ পৌরহাটা মোড় শুক্রবার সকাল ১০টা থেকে দুপুর ১২টা

MOL Darin
LFS The taste of money
MONEYLICIOUS SECURITIES PVT. LTD.
LFS BROKING PRIVATE LIMITED
MOLDARIN INVESTMENTS CONSULTANTS PVT.LTD.
বিঃ দ্রঃ- বেকার ছেলে মেয়েরা ও হতাশ এজেন্টরা ! শেয়ার বাজারে আইন সম্মত ভাবে NISM Course করে আয় করার সুযোগ নিন।
Franchisee দেওয়া হয়।
Regional Office:- U.B.I. Building (1st Floor)
Link Road, Arambagh, Hooghly,
WEST BENGAL,Pin-712601
Ph.No. - 03211-256507
Mobile:- 9564355907 / 9563200600
Tollfree No.-18001211452
We are No-1 research team in India and Z.Business and CNBC AWAZ 2015-2016 award winner

দীর্ঘ ৫০ বৎসর প্রতিষ্কার পর আরামবাগের বিধায়ক সম্মানীয় কৃষ্ণচন্দ্র সাঁতরা মহাশয়ের অনুপ্রেরণায় ও সভাপতিত্বে এবং আরামবাগ ব্রতচারী মণ্ডলীর ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হতে চলেছে আরামবাগ মহকুমায়,
৫১তম নিখিল ভারত ব্রতচারী নায়ক মহাশিবির
২৪ ডিসেম্বর থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত
স্থান ঃ মুথাডাঙ্গা রামকৃষ্ণ উচ্চবিদ্যালয়, মুথাডাঙ্গা
ঃপরিচালনায়ঃ
ব্রতচারী কেন্দ্রীয় নায়ক মন্ডলী
আয়োজক : আরামবাগ ব্রতচারী মন্ডলী
অংশগ্রহণে আগ্রহী ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকাসহ উৎসাহী ব্যক্তিবর্গ। যোগাযোগ করুন
Mob. 7548038080/9609542101/9733858794/9093014017